



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিদ্যালয় পরিবর্তনের ছাড়পত্র সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

নথী নং- ৪৭৯/টিসি/২০১৭/৮২১৫

তারিখঃ ১৩/০৩/২০১৭


বিষয়ঃ ৮ম/৯ম/১০ম শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের বিদ্যালয় পরিবর্তনের ছাড়পত্র প্রসঙ্গে।

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা- এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালে ৮ম/৯ম/১০ম শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের বিদ্যালয় পরিবর্তনের ছাড়পত্র প্রদানের অনুমতির আবেদনপত্র বোর্ডে জমা করার তারিখ ১৯ মার্চ ২০১৭ হতে ৩১ জুলাই ২০১৭ পর্যন্ত। নির্দিষ্ট সময়ের পর, নির্ধারিত সংখ্যার চেয়ে অতিরিক্ত এবং অনিয়মিত শিক্ষার্থীদের ছাড়পত্রের আবেদন বোর্ডে অগ্রায়ণ না করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের নির্দেশ দেয়া হলো।

২। বোর্ডের পূর্বানুমোদন ব্যতিরেকে কোন শিক্ষার্থীকে ছাড়পত্র প্রদান করা যাবে না। বোর্ডের পূর্বানুমোদন ব্যতিরেকে কোন শিক্ষার্থীকে ছাড়পত্র প্রদান করা হলে তা গ্রহণযোগ্য হবে না এবং সংশ্লিষ্ট শিক্ষার্থী অধ্যয়নরত বিদ্যালয়ের শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে।

এ নির্দেশনার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধিমোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে


13.03.17
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক,
অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান